

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা অফিসারের কার্যালয়
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
dss.tejgaoncircle.dhaka.gov.bd

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ তরিকুল ইসলাম
সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা
তারিখ ও সময় : ২৩ চৈত্র, ১৪৩২; ০৬ এপ্রিল ১৪৩২; রোজ: সোমবার সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সার্কেল অফিসারের কার্যালয়, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ধোলাইপাড়, ঢাকা।
সভা নং : ০৪ (চার)


সভার আলোচ্যসূচি:

- গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ডাক্তার কর্তৃক সনাক্তকৃত প্রতিবন্ধীতা সনাক্তকরণ আবেদন যাচাই-বাছাই ও অনুমোদন।
- বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য সদস্য সচিবকে আহ্বান জানান। সভাপতি মহোদয়ের অনুরোধে সদস্য সচিব সভা সঞ্চালনা করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত।	সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী, পরিবর্তন বা সংযোজনী রয়েছে কিনা তার জন্য উপস্থিত সদস্যদের নিকট হতে মতামত আহ্বান করেন।	১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	সংশ্লিষ্ট কমিটি
০২	ডাক্তার কর্তৃক সনাক্তকৃত প্রতিবন্ধীতা সনাক্তকরণ আবেদন যাচাই-বাছাই ও অনুমোদন।	সদস্য সচিব জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩১(১) তে প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ ও সুবর্ণ নাগরিক কার্ড (পরিচয়পত্র) প্রদানের জন্য নির্দেশনা রয়েছে। বর্ণিত নির্দেশনার প্রেক্ষিতে সমাজসেবা কার্যালয়, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা কর্তৃক গত ৩-১০-২০২৫ হতে ০৫-০৪-২০২৬ পর্যন্ত প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিবন্ধীতা সনাক্তকরণের জন্য জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জরিপ কার্যক্রম শেষে অত্র কার্যালয়ে ১২১ (একশত একুইশ) জন প্রতিবন্ধী ব্যক্তির জরিপ আবেদন পাওয়া যায়। আবেদনসমূহ প্রাথমিক পর্যায়ে যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/টিআই কর্তৃক প্রত্যয়নের পর প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা নির্ণয়ের জন্য নির্ধারিত ডাক্তার জনাব রিজওয়ানা পারভীন, মেডিকেল অফিসার, থানা স্বাস্থ্য কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা এর নিকট প্রেরণ করা হয়। থানা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিবন্ধী ব্যক্তির সশরীরে উপস্থিতি এবং প্রয়োজনীয় তথ্যাদি যাচাই-বাছাই করে নির্ধারিত মেডিকেল অফিসার মহোদয় কর্তৃক ১২১ (একশত একুইশ) জন ব্যক্তিকে প্রতিবন্ধী হিসেবে সনাক্তকরণ করা হয়। সমাজসেবা কর্মকর্তা ডাক্তার কর্তৃক সনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তি সশরীরে উপস্থিতি ও প্রয়োজনীয় তথ্যাদি যাচাই-	১. ডাক্তার কর্তৃক সনাক্তকৃত ১২২ (একশত বাইশ) জন প্রতিবন্ধী ব্যক্তির আবেদনের মধ্যে ১০৪ (একশত চার) জনের আবেদন অনুমোদিত হয়। ২. সভায় সশরীরে অনুপস্থিত হননি ১৪ (চৌদ্দ)জন এবং ০৪ (চার) টি আবেদনটি সশরীরে যাচাই-বাছাইয়ান্তে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক প্রত্যয়নপত্র না থাকায় সর্বসম্মতভাবে বাতিল করা হয়।	সংশ্লিষ্ট কমিটি সমাজসেবা অফিসার


মোঃ তরিকুল ইসলাম
সমাজসেবা অফিসার
সমাজসেবা কার্যালয়
তেজগাঁও সার্কেল ঢাকা


মোঃ তরিকুল ইসলাম
আইডি নং ১৭৮৪৮
সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।

	<p>বাছাই এবং আবেদনের তালিকা সভায় উপস্থাপন করে তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।</p> <p>সদস্য সচিব জানান যে, ডাক্তার কর্তৃক সনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তির জরিপের তথ্য Disability Information System(DIS)-এ এন্ট্রি করার জন্য সংশ্লিষ্ট কমিটির অনুমোদন প্রয়োজন। তিনি আরো জানান যে, Disability Information System(DIS) এ ডাটা এন্ট্রি করার পর সংশ্লিষ্ট প্রতিবন্ধী ব্যক্তির অনুকূলে সুবর্ণ নাগরিক কার্ড (পরিচয়পত্র) ইস্যুও করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।</p>	<p>৩. অনুমোদিত আবেদনগুলো Disability Information System(DIS) এ এন্ট্রিপূর্বক সমাজসেবা কর্মকর্তা প্রতিবন্ধী ব্যক্তির অনুকূলে সুবর্ণ নাগরিক কার্ড (পরিচয়পত্র) ইস্যু করবেন।</p>	
--	---	--	--

সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৬/০৪/২০২৬

মোঃ তরিকুল ইসলাম
সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা
ও
সভাপতি

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত কমিটি।

স্মারক নম্বর : ৪১.০১.২৬০০.০০০.০০০.৯৯.০০০১.২৫ . ২ ৫৩

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে সদয় অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, (প্রশাসন ও অর্থ) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৬. উপপরিচালক, (প্রশাসন) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সদস্য (সকল), প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত থানা কমিটি।
৮. অফিস কপি, সংশ্লিষ্ট নথি।



ইনসান আলী
সমাজসেবা অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা
ফোন নম্বর: ০২২২৬৬০৩৪৭৯
ও

সদস্য সচিব
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত কমিটি